ব্যবসা শুরু করা সম্বন্ধে আপনার নির্দেশিকা

The Law Society

উপদেশ নেওয়া

একটা ব্যবসা শুরু করাটা একটা উত্তেজনাপূর্ণ পদ্ধতি হওয়া উচিত। কিন্তু সঠিক উপদেশ ছাড়া এটা একটা বিপজ্জনক ব্যাপারও হয়ে দাঁড়াতে পারে, বিশেষ করে আইন সংক্রান্ত ব্যাপারে। প্রায়ই দেখা যায় যে যতক্ষণ ব্যাপারগুলি সঙ্কটের মুখে না পৌঁছাচ্ছে, ততক্ষণ লোকে সলিসিটারের সাহায্য চান না। কিন্তু ততদিনে, কোন সমাধানের উপায় থাকলেও তার খরচ, যে সহজ ব্যবস্থা নিয়ে সেই সমস্যা হওয়াটাই প্রতিরোধ করা যেত, তার চাইতে অনেক বেশী হবে।

এটা পরিষ্কার যে সারিয়ে তোলার চাইতে প্রতিরোধ করা বেশী ভাল। প্রথমেই আইন সংক্রান্ত উপদেশ নেওয়ার মানে হচ্ছে যে আপনি সঙ্কট এড়াতে পারবেন। সম্ভাব্য সমস্যাগুলি শনাক্ত করতে এবং তা প্রতিরোধ করার ব্যবস্থা করতে আপনার সলিসিটার আপনাকে সাহায্য করতে পারবেন - এর ফলে, তিনি আপনার ব্যবসাকে ঝুঁকির হাত থেকে রক্ষা করবেন এবং আপনার পয়সা বাঁচাবেন।

একজন সলিসিটারকে পছন্দ করা ও তাকে ব্যবহার করা

আপনার প্রয়োজন সম্পর্কিত প্রাসঙ্গিক জ্ঞান এবং অভিজ্ঞতাসম্পন্ন একজন সলিসিটারকে পছন্দ করাটা গুরুত্বপূর্ণ। ছোট এবং মাঝারি আয়তনের ব্যবসাগুলিকে ব্যবসা-সংক্রান্ত আইনের উপদেশ দেওয়ার উদ্দেশ্যে 'ল'ইয়ারস্ ফর ইওর বিজ্‌নেস্ স্কীম' (আপনার ব্যবসার জন্য আইনজ্ঞ সরবরাহ করার কার্যক্রম) গঠন করা হয়েছে। এরা প্রথম পরামর্শটি বিনাপয়সায় দিয়ে থাকেন। আপনার এলাকায় 'ল'ইয়ারস্ ফর ইওর বিজ্‌নেস্'-এর সদস্য সলিসিটারদের একটা তালিকার জন্য 020 7405 9075 নম্বরে টেলিফোন করবেন অথবা www.lawsociety.org.uk/lfyb ঠিকানায় দেখবেন।

অথবা আপনি www.lawsociety.org.uk/findasolicitor ঠিকানায় আমাদের ওয়েবসাইট দেখতে পারেন বা 0870 606 2555 নম্বরে টেলিফোন করতে পারেন।

আইন সংক্রান্ত উপদেশ মিলিয়ে দেখার তালিকা

একটা নতুন ব্যবসা যে সব বিশেষ রকমের সমস্যার সম্মুখীন হয়, তার সবগুলি সম্বন্ধেই সলিসিটাররা আপনাকে উপদেশ দিতে পারবেন। সব বিভিন্ন ধরনের সমাধানের ব্যবস্থার প্রবর্তন করতেও তারা আপনাকে সাহায্য করতে পারবেন। আপনাকে কি ধরণের সাহায্য দিতে হবে তা ঠিক করার জন্য, আপনার ব্যবসা সম্বন্ধে আপনাকে তাদের অনেক প্রশ্ন করতে হবে। নিচে দেওয়া বিষয়গুলি এই প্রশ্নের মধ্যে থাকবে:

কম্পানীর কাঠাম

আপনি যখন ব্যবসা শুরু করবেন এবং সেটা বাড়িয়ে তুলবেন, তখন আপনার সাফল্যের পক্ষে আপনার ব্যবসার কাঠামটা অত্যাবশ্যক হবে। যেমন, আপনার কি নিজের নামে না একটা কম্পানীর মাধ্যমে ব্যবসা করা উচিত? আপনি যদি অন্যদের সাথে ব্যবসা শুরু করেন, তাহলে আপনার প্রচেষ্টার জন্য ন্যায্য প্রতিদান পাওয়া আপনার নিশ্চিত করা দরকার। কাজেই, আপনার হয়ত একটা শেয়ারহোল্ডারস্ এগ্রিমেন্ট (অংশীদারদের চুক্তি) অথবা একটা পার্টনারশিপ (অংশীদারত্বের) ব্যবস্থা করার দরকার হবে। যে সব বিভিন্ন ব্যবস্থা নেওয়া যায় তা আপনার সলিসিটার আপনাকে বুঝিয়ে বলবেন এবং আপনার ব্যবসার পক্ষে সবচেয়ে যা সবচেয়ে ভাল - পার্টনারশিপ, লিমিটেড কম্পানী অথবা লিমিটেড লায়াবিলিটি পার্টনারশিপ, সে বিষয়ে পরামর্শ দেবেন। আপনি যেটা পছন্দ করবেন, আপনার সলিসিটার সেটা গঠনও করে দিতে পারবেন।

আপনার ব্যবসার ঘরবাড়ি

আপনার ব্যবসার জন্য যখন ঘরবাড়ি পছন্দ করবেন, তখন সেই লীজের (ইজারার) শর্তগুলি সম্পূর্ণভাবে আপনার বোঝাটা গুরুত্বপূর্ণ। বাড়িওয়ালা কি ভাড়া বাড়াতে পারবেন? পারলে, কতটা বাড়াতে পারবেন? আপনি কি দেখবেন যে আপনাকে যা সার্ভিস চার্জ দিতে হচ্ছে ক্রমশঃই তার পরিমাণ বেড়ে চলেছে? যে কাজে ব্যবহার করছেন তার পরিবর্তন করতে কি আপনার প্ল্যানিং পারমিশন (অনুমতি) দরকার হবে? আপনি যদি নিজের বাড়ি থেকে আপনার ব্যবসা চালান, তাহলে তার জন্য কি কি বাধা-নিষেধ আছে? এইসব প্রশ্নগুলি সম্বন্ধে আপনার সলিসিটার আপনাকে সাহায্য করতে পারবেন।

আর্থিক ব্যাপার

আপনি হয়ত এটাও জানতে চাইবেন যে কোন্ কোন্ জায়গা থেকে অর্থ যোগাড় করা যায় এবং সেগুলির আইনগত নিহিতার্থ কি। আপনার পারিবারিক বসতবাড়ির ওপর মর্টগেজ নেওয়া কি আপনার উচিত? যারা টাকা ধার দিচ্ছেন তারা কি অন্যায্য শর্ত আরোপ করার জন্য জোর দিচ্ছেন? আপনার ব্যাঙ্কের থেকে কি আপনি অপেক্ষাকৃত ভাল ব্যবসায়িক প্রস্তাব পেতে পারেন? এইসব ব্যাপারগুলি আপনার সলিসিটার আপনাকে বুঝিয়ে বলতে পারবেন এবং তিনি আপনার হয়ে অর্থ যোগাড় করার জন্য দর কষাকষিও করতে পারবেন।

ট্যাক্স

কি ভাবে আপনার ট্যাক্স সবচেয়ে কম রাখা যায় এবং কোন সময়টা আপনার আর্থিক বছর শুরু করার পক্ষে সবচেয়ে ভাল, সে বিষয়েও আপনার সলিসিটার আপনাকে উপদেশ দিতে পারবেন।

ইন্‌সিওরেন্স (বীমা)

আপনার ব্যবসার ফলে, আপনার ব্যবসার ঘরবাড়ি, কর্মচারী, সম্পত্তি এবং অতিথি সংশ্লিষ্ট বহু রকমের ঝুঁকি আপনাকে বিপন্ন করতে পারে। যেমন, আপনার তৈরী জিনিষপত্র অথবা আপনার কর্মচারীরা যদি কাউকে আহত করে, তাহলে কি হবে? আপনার কাছে কাজ করার সময় কেউ যদি আঘাত পান তাহলে কি হবে? যার জন্য আপনি আইনতঃ দায়ী এরকম একজন কর্মচারী যদি ইন্টারনেটের অপব্যবহার করেন, তাহলে কি হবে? যেসব ঝুঁকিগুলির জন্য আপনার হয়ত বীমা করার দরকার হতে পারে সে বিষয়ে আপনার সলিসিটার আপনাকে নিরপেক্ষ উপদেশ দেবেন।

টাকাপয়সার আসা যাওয়া (ক্যাশ ফ্লো)

যে কোন ব্যবসায়, টাকাপয়সার আসা যাওয়াটা প্রাণরক্ষাকারী রক্তের মত ব্যবসার পক্ষে অপরিহার্য। ব্যবসা করার জন্য আপনি যে সঠিক শর্তগুলি ব্যবহার করছেন তা নিশ্চিত করে আপনার সলিসিটার আপনাকে পাওনা টাকা না পাওয়ার থেকে রক্ষা করতে পারবেন। কি করে পাওনা আদায় করতে হয়, সে বিষয়েও আপনার সলিসিটার আপনাকে উপদেশ দিতে পারবেন।

জিনিষপত্র এবং পরিষেবা (সার্ভিস)

যখন জিনিষপত্র অথবা পরিষেবা কেনা বা বিক্রি করা হয়, তখন আপনার আইনগত কর্তব্যগুলি আপনার জানা গুরুত্বপূর্ণ। চুক্তির কি কি শর্ত আইনে বলে দেওয়া হয়েছে? জিনিষপত্র সংক্রান্ত দায় সম্বন্ধে কি হবে? বিজ্ঞাপন এবং প্রচারের জিনিষপত্রে আইনসম্মতভাবে আপনি কি বলতে পারেন? এইসব বিষয় সম্বন্ধে একজন সলিসিটার বিশদভাবে বলতে পারবেন এবং, প্রয়োজন হলে, আপনাকে একজন বিশেষজ্ঞের কাছে পাঠাতে পারবেন।

আপনার আবিষ্কৃত ধারণাগুলি সংরক্ষণ করা

যেসব প্রতিদ্বন্দ্বী, আপনার নক্‌শাগুলি চুরি করতে চাইতে পারে, তাদের হাত থেকে তা রক্ষা করতে আপনার সলিসিটার আপনাকে সাহায্য করতে পারবেন, তা আপনার ব্যবসার নাম ও লোগো নকল করাই হোক অথবা আপনার তৈরী জিনিষ নকল করাই হোক।

ফ্র্যান্‌চাইজ্ (বিক্রি করার বিশেষ অধিকার) নেওয়া

একটা তৈরী ব্যবসা কেনাটা একটা লোভনীয় ব্যাপার, কিন্তু তার সাথে আগেকার কোন দায়দায়িত্ব এসে পড়লে অথবা বিক্রি করার চুক্তিতে ছোট ছাপায় যা লেখা আছে সেগুলির বিষয়ে কি হবে? অনেক সময়ই, যাদের থেকে ফ্র্যান্‌চাইজ্ নেওয়া হয়েছে তাদের থেকে কোন সাহায্য না পাওয়া সত্বেও লোকেরা দামী জিনিষ সংক্রান্ত ব্যবসার চুক্তিতে আটকে পড়েন। ফ্র্যান্‌চাইজ্‌টা যদি আশানুরূপ না হয় তাহলে কি হবে? আপনি কি আপনার টাকা ফেরত পাবেন? একটা ফ্র্যান্‌চাইজ্ চালানোর সাথে সংশ্লিষ্ট সব সাধারণ সমস্যাগুলি সম্বন্ধে আপনার সলিসিটার আপনাকে উপদেশ দিতে পারবেন।

লাইসেন্স

ব্যবসা করার জন্য কি আপনার লাইসেন্স দরকার? সেটা আপনার দরকার হবে কিনা তা আপনার সলিসিটার আপনাকে বলে দিতে পারবেন এবং তার জন্য দরখাস্ত করতে আপনাকে সাহায্য করবেন।

চাকরীতে নিয়োগ করা

চাকরীতে নিয়োগ করা সংক্রান্ত আইন হচ্ছে একটি জটিল ব্যাপার এবং সবসময়ই এর পরিবর্তন হচ্ছে। চাকরী সংক্রান্ত বেশীরভাগ মতবিরোধই হয় খারাপভাবে লেখা চাকরীর চুক্তির জন্য অথবা বরখাস্ত করার পদ্ধতি আইনসম্মত নয় বলে। এই জাতীয় মতবিরোধ প্রতিরোধ করার জন্য, আপনার সলিসিটার আপনার চুক্তি ও পদ্ধতিগুলির স্বাস্থ্য পরীক্ষা করে দেখতে পারেন।

ব্যবসা শুরু করা সম্বন্ধে আপনার নির্দেশিকা

The Law Society

মতবিরোধ এবং সমস্যা

ব্যবসার ক্ষেত্রে, সব সম্ভাবনার জন্যই আগে থেকে পরিকল্পনা করা ভাল। আপনার একজন পার্টনার অথবা শেয়ারহোল্ডারের (অংশীদারের) সাথে বনাবনি না হলে কি হবে? আপনাকে কি জোর করে বার করে দেওয়া যেতে পারে? সব দায়িত্ব এবং লাভের পরিমাণ ন্যায্যভাবে ভাগ করাটা আপনি কিভাবে নিশ্চিত করবেন? আপনার অসুখ করলে বা আপনার মৃত্যু হলে, আপনার ব্যবসার কি হবে? আপনার স্বামী, স্ত্রী, সঙ্গী অথবা বসতবাড়িকে কি ঠিকমত রক্ষা করার ব্যবস্থা থাকবে? এইসব প্রশ্নগুলির বিষয়ে আপনার সলিসিটার আপনার সাথে আলোচনা করবেন।

খরচ

আপনি যদি ‘ল’ইয়ারস্ ফর ইওর বিজ্‌নেস্’ কার্যক্রমের মাধ্যমে একজন সলিসিটার যোগাড় করেন, তাহলে আপনার প্রথম সাক্ষাৎকারের জন্য কোন পয়সা লাগবে না। তারপরে, আরও উপদেশের জন্য আপনার সলিসিটার আপনাকে ঘন্টা প্রতি হারে অথবা একটা নির্দিষ্ট অঙ্ক চার্জ করবেন।

সলিসিটারদের মধ্যে ফী-এর তফাৎ হয়। সবমিলিয়ে কত খরচ হবে তা নির্ভর করবে:

- আপনার ব্যক্তিগত পরিস্থিতির ওপর;
- আপনার সলিসিটারের অভিজ্ঞতা ও জ্ঞানের ওপর; এবং
- আপনি কি ধরণের উপদেশ চান তার ওপর।

সেইজন্য, আপনি অগ্রসর হবেন কিনা তা ঠিক করার আগে, আপনার খরচের একটা আন্দাজ চাওয়া উচিত।

আরও তথ্য

আইন সংক্রান্ত সমস্যাগুলি সম্বন্ধে ব্যবস্থা নিতে ব্যবসাগুলিকে সাহায্য করার উদ্দেশ্যে, কোনটার পরে কি করতে হবে সে বিষয়ে ‘ল’ইয়ারস্ ফর ইওর বিজ্‌নেস্’ একগুচ্ছ নির্দেশিকা প্রকাশ করেছে।

এই নির্দেশিকাগুলির মধ্যে আছে:

- এমপ্লয়মেন্ট ল (চাকরীতে নিয়োগ করা সংক্রান্ত আইন);
- ব্যবসার ঘরবাড়ি;
- ক্রেতা এবং সরবরাহকারীদের সাথে চুক্তি;
- স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত বিষয়;
- অর্থ যোগাড় করা; এবং
- আপনার ব্যবসার কাঠাম ঠিক করা।

এই নির্দেশিকাগুলির কপি (প্রতিলিপি) আপনি পেতে পারেন:

- 020 7405 9075 নম্বরে টেলিফোন করে;
- www.lawsociety.org.uk/lfyb ঠিকানায় লগ্ অন্ করে; অথবা
- নিচের ঠিকানায় চিঠি লিখে:

  Lawyers For Your Business (ল’ইয়ারস্ ফর ইওর বিজ্‌নেস্)
  The Law Society
  113 Chancery Lane
  London WC2A 1PL

আপনি এই প্রচারপত্রটি বড় ছাপায়, ব্রেইল-এ, কানে শোনার টেপ-এ এবং সিডিতে পেতে পারেন। আপনার যদি এই সংস্করণগুলির কোনটা দরকার হয়, তাহলে দয়া করে accessibility@lawsociety.org.uk ঠিকানায় ইমেইলে আমাদের সাথে যোগাযোগ করবেন অথবা 0870 606 2555 নম্বরে টেলিফোন করবেন।

এই প্রচারপত্রটি আপনি বিভিন্ন ভাষায়ও পেতে পারেন। www.lawsociety.org.uk ঠিকানায় আমাদের ওয়েবসাইটে গেলে আপনি এগুলি পাবেন।

Lexcel
Look for Lexcel - the mark of excellence

যদিও আমরা সঠিক তথ্য দেওয়ার জন্য যথাসাধ্য চেষ্টা করেছি, সবসময়ই আইনের পরিবর্তন হয় এবং তার প্রভাব বিভিন্ন লোকের ওপর বিভিন্নভাবে পড়ে। আপনার সম্বন্ধে ব্যক্তিগতভাবে আপনাকে বিশেষ উপদেশ দেওয়ার বিকল্প এই প্রচারপত্রটি (লিফলেটটি) নয় এবং আপনি এই প্রচারপত্রটির ওপর নির্ভর করলে, আপনার কাছে আমরা দায়ী হব না।

Designed by dmlmarketing.co.uk   Version 2, 2007   Your guide to setting up business - Bengali